

Claudio Damiani

Cara poesia

ও আমার কবিতা , যদি তুমি আসতে চাও এসো ,
না আসতে চাও না এসো

আমার সাথে তুমি এমনটাই কোরো কবিতা ,
কিন্তু আমি যে তোমার কাছে না গিয়ে পারবোনা !

কবিতা তুমি যেন এক পর্বত , আমি তোমার কাঁধে
না চড়ে যে থাকতে পারবোনা

আমি নিঃশ্বাস না নিয়ে যে থাকতে পারিনা কবিতা ,

তোমার বাতাস আমায় পুষ্ট করে ,
যা ছাড়া আমি বাঁচতে পারবোনা ।

আমি তোমায় ঘিরে থাকা রঙের মাঝেই

নিঃশ্বাস নিতে চাই , তোমার এই রঙ দেখে
মনে হয় তুমি নানা রঙের পোশাক পরো কবিতা ।

আমি তোমার গাছের গন্ধ পাই ,
আমি তোমার মাটির গন্ধ পাই ,
আর তোমার পাথরকে স্পর্শ করলে
ছোট্ট শিশুর মথার মতোই উষ্ণ লাগে কবিতা
ও আমার কবিতা ॥

(Traduzione – Amrita Chaudhuri)